

■ সহীহ মুসলিম (হাদীস একাডেমী)

হাদিস নাম্বারঃ ৪১২ [আন্তর্জাতিক নাম্বারঃ ২১৮]

১। ঈমান (إيمان)

পরিচ্ছেদঃ ৯৪. হিসাব ও শাস্তি ছাড়াই মুসলিমদের একাধিক দল জাগ্রাতে প্রবেশ করার প্রমাণ।

بَابُ الدِّلِيلِ عَلَى دُخُولِ طَوَافِ مِنَ الْمُسْلِمِينَ الْجَنَّةَ بِغَيْرِ حِسَابٍ وَلَا عَذَابٍ

আরবী

حَدَّثَنَا يَحْيَى بْنُ خَلْفٍ الْبَاهِلِيُّ، حَدَّثَنَا الْمُعْتَمِرُ، عَنْ هِشَامِ بْنِ حَسَانَ، عَنْ مُحَمَّدٍ، -
يَعْنِي ابْنَ سِيرِينَ - قَالَ حَدَّثَنِي عِمْرَانُ، قَالَ قَالَ نَبِيُّ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ "يَدْخُلُ
الْجَنَّةَ مِنْ أُمَّتِي سَبْعُونَ أَلْفًا بِغَيْرِ حِسَابٍ". قَالُوا وَمَنْ هُمْ يَا رَسُولَ اللَّهِ قَالَ "هُمْ
الَّذِينَ لَا يَكْتُونَ وَلَا يَسْتَرْقُونَ وَلَا يَرْبِّمُونَ" . فَقَامَ عُكَاشَةُ فَقَالَ ادْعُ اللَّهَ أَنْ
يَجْعَلَنِي مِنْهُمْ . قَالَ "أَنْتَ مِنْهُمْ" . قَالَ فَقَامَ رَجُلٌ فَقَالَ يَا نَبِيَّ اللَّهِ ادْعُ اللَّهَ أَنْ يَجْعَلَنِي
مِنْهُمْ . قَالَ "سَبَقَكَ بِهَا عُكَاشَةُ" .

বাংলা

৪১২-(৩৭১/২১৮) ইয়াহইয়া ইবনু খালাফ আল বাহিলী ইমরান (রায়িৎ) বলেন, আল্লাহর নবী সাল্লাল্লাহু
আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ আমার উম্মতের সন্তর হাজার লোক বিনা হিসেবে জাগ্রাতে প্রবেশ করবে।
লোকেরা জিজেস করলো, তারা কারা, হে আল্লাহর রাসূল! তিনি বললেনঃ যারা ক্ষতস্থানে লোহা পুড়ে লাগায় না
এবং (জাহিলী যুগের ন্যায়) ঝাড়ফুঁক বা মন্ত্রের দ্বারা চিকিৎসা কামনা করে না বরং তারা আল্লাহর উপর পূর্ণ
তাওয়াকুল করে। এ সময় উক্কাশাহ (রায়িৎ) ওঠে দাঁড়িয়ে বললো, আল্লাহর নিকট প্রার্থনা করুন, তিনি যেন
আমাকে তাদের অন্তর্ভুক্ত করেন। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বললেন, তুমিও তাদের অন্তর্ভুক্ত।
বর্ণনাকারী বলেন, অতঃপর আর এক ব্যক্তি দাঁড়িয়ে বললো, হে আল্লাহর নবী। আল্লাহর কাছে প্রার্থনা করুন, তিনি
আমাকেও যেন তাদের অন্তর্ভুক্ত করেন। উভরে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বললেনঃ উক্কাশাহ তোমার
আগেই দলভুক্ত হয়ে গেছে। (ইসলামিক ফাউন্ডেশনঃ ৪১৭, ইসলামিক সেন্টারঃ ৪৩১)

English

Chapter: The Evidence that groups of Muslims will enter Paradise without being called to account, and without being punished

It is reported on the authority of 'Imran that the Messenger of Allah (ﷺ) said: Seventy thousand people of my Ummah would be admitted into Paradise without rendering any account. They (the companions) said: Who would be of those (fortunate persons)? He (the Holy Prophet) said: Those who do not cauterise and practise charm, but repose trust in their Lord, 'Ukkasha then stood up and said: Supplicate (before) Allah that He should make me one among them. He (the Holy Prophet) said: Thou art one among them He (the narrator) said: A man stood up and said: Apostle of Allah, supplicate (before) Allah that He should make me one among them. He (the Prophet said: 'Ukkasha has preceded you (in this matter).

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি □ বর্ণনাকারীঃ ইমরান ইবনু হুসায়ন (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=47169>

₹ হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন